

## পর্যটকের নিরাপত্তায় মাঠে টুরিস্ট পুলিশ

- A Monitor Desk Report

Date: 14 August, 2024



**কক্সবাজার:** কক্সবাজারের পরিস্থিতি স্বাভাবিক এবং আগত পর্যটকদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে টুরিস্ট পুলিশ মাঠে রয়েছে। মঙ্গলবার (১৩ আগস্ট) বিকালে টুরিস্ট পুলিশ কক্সবাজার অঞ্চলের পুলিশ সুপার মো. মনজুর মোর্শেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, দেশের পরিস্থিতি এখন স্বাভাবিক। কক্সবাজারে ভ্রমণে আসা পর্যটকরা নিরাপদে তাদের ভ্রমণ শেষ করতে পারবেন। মঙ্গলবার বিকাল ৪টার দিকে সমুদ্র সৈকতের সুগন্ধা পয়েন্টে পর্যটকদের ফুল দিয়ে বরণ করতে দেখা গেছে কক্সবাজার টুরিস্ট পুলিশের সদস্যদের।

তিনি জানান, পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করে আগের মত টহল জোরদার করা হয়েছে। পাশাপাশি মোবাইল ডিউটি বা গাড়ির মাধ্যমে যে টহল জোরদার ছিল তা শুরু করা হয়েছে। ঝাউবাগান থেকে শুরু করে যেসব জায়গায় চুরি-ছিনতাইসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ডের সম্ভবনা রয়েছে ওসব জায়গা আগের মত নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়েছে। পাশাপাশি হোটেল-মোটেল জোন এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। এছাড়া পর্যটনসংশ্লিষ্ট যেসব হোটেল-মোটেল ব্যবসায়ী রয়েছে তারাও পর্যটকদের সেবা দিতে প্রস্তুত।

তবে পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করে টুরিস্ট পুলিশের পাশাপাশি সেনাবাহিনীও রয়েছে। সেনাবাহিনী পর্যটনসংশ্লিষ্ট ব্যবসায়ীদের সহযোগিতা করছে।

কক্সবাজার হোটেল মোটেল গেস্ট হাউজ মালিক সমিতির সভাপতি আবুল কাসেম সিকদার বলেন, ‘পর্যটকরা কক্সবাজার ভ্রমণে নিরাপদ। টুরিস্ট পুলিশসহ সংশ্লিষ্টরা নিরাপদ পরিস্থিতি তৈরি করতে মাঠে রয়েছে। এব্যাপারে ব্যবসায়ীদের সঙ্গে সেনা কর্মকর্তার বৈঠকও হয়েছে।’